




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৮/০৩/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক পৃথক অভিযানে ০২ কেজি গাঁজা উদ্ধারসহ ২ জন মাদক ব্যবসায়ী গ্রেফতার



অদ্য ০৮-০৩-২০২২ খ্রি. গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)র উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায় ও সার্বিক তত্ত্বাবধানে, অতিরিক্ত উপ- পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায় রংপুর মহানগরীতে দুটি পৃথক অভিযান পরিচালনা করে ০২ কেজি শুকনো গাঁজা উদ্ধারসহ ০২ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়।

- গোপন সংবাদের ভিত্তিতে রাত্রী ০০.০৫ ঘটিকায় গোয়েন্দা বিভাগ (ডিবি)র এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ রংপুর মেট্রোপলিটন পুলিশের কোতয়ালী থানাধীন কেন্দ্রীয় বাস টার্মিনাল নর্দান পেট্রোল পাম্প এর বিপরীত পার্শ্বে ঢাকা নিউ বিরানী হাউজ এর সামনে চলাচলের পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে বিক্রয়ের উদ্দেশ্যে নিজ হেফাজতে রাখার অপরাধে নেশা জাতীয় মাদকদ্রব্য ০১ (এক) কেজি শুকনো গাঁজা উদ্ধারসহ আসামী মোঃ শাহীন আলম (২২), পিতা- মোঃ ইসলাম মিয়া, মাতা-শাহেনা বেগম, সাং- খারুয়ারচর, ইউনিয়ন- মোগলহাট, থানা- লালমনিরহাট সদর, জেলা- লালমনিরহাটকে গ্রেফতার করা হয়।
- গোপন সংবাদের ভিত্তিতে রাত্রী ০০.৪৫ ঘটিকায় গোয়েন্দা বিভাগ (ডিবি)র এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ নাজমুল ইসলাম এবং সঙ্গীয় ফোর্সসহ রংপুর মেট্রোপলিটন পুলিশের কোতয়ালী থানাধীন রংপুর মেডিকেল মোড়ের পশ্চিম পার্শ্বে জামাল এর খাবার হোটেল এর সামনে চলাচলের পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে বিক্রয়ের উদ্দেশ্যে নিজ হেফাজতে রাখার অপরাধে নেশা জাতীয় মাদকদ্রব্য ০১ (এক) কেজি শুকনো গাঁজা উদ্ধারসহ আসামী মোঃ হাছান আলী (২২), পিতা- মোঃ আবুল হোসেন, মাতা-জবেদা বেগম, সাং-বোয়ালমারী বাঁশপচাই (ছিটমহল), ইউনিয়ন- কুলাঘাট, থানা- লালমনিরহাট সদর, জেলা- লালমনিরহাট কে গ্রেফতার করা হয়।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন পৃথক ২টি মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরনের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ কার্বন-
অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

০৮.০৩.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১